যে **اسم** দ্বারা **فعل** বা ক্রিয়া সংগঠিত হওয়ার স্থান বা সময় বুঝায় তাকে **اسم الظّرف** বলে। **ثُلاثِيْ مُجَرَّد** (তিন অক্ষরের বিশিষ্ট ক্রিয়া) হতে**اسم الظّرف** সাধারনত **مَفْعَلٌ** বা **مَفْعِلٌ** এর ওযনে হয়ে থাকে। যথাঃ **مَكْتَبٌ** অফিস। **مضارع** এর **كلمة عين** তে যের হলে **مَفْعِلٌ** এর ওযনে হবে, আর বাকী সকল ক্ষেত্রে **مَفْعَلٌ** এর ওযনে হবে। যথাঃ **يَلْعَبُ** থেকে **مَلْعَبٌ** খেলার মাঠ বা সময় , **يَجْلِسُ** থেকে **مَجْلِسٌ** বসার স্থান বা সময়। আর স্থান বা সময় পুরুষ ও হতে পারেনা স্ত্রী ও হতে পারেনা, তাই এটার মাত্র তিনটি **صيغة** হবে। **اسم الظّرف** এর **جمع** পূর্বে উল্লেখিত নিয়ম অনুযায়ী না হয়ে **جمع تكسير** হবে।

اسم الظّرف

নং	التصريف	الصيغة	অর্থ	التصريف	অর্থ
১	مَفْعَلٌ	واحد	করার স্থান বা সময়	مَطْلَعٌ	*উদয়ের স্থান বা সময়*
২	مَفْعَلاَنِ	تثنية	করার স্থানদ্বয় বা সময়	مَطْلَعَانِ	*উদয়ের স্থানদ্বয় বা সময়*
৩	*مَفَاعِلُ*	جمع	*করার স্থানসমূহ বা সময়*	*مَطَالِعُ*	*উদয়ের স্থানসমূহ বা সময়*

التمرين: অনুশীলনী-৩৫

◈ اسم الْفَاعِل , اسم الْمَفْعُوْل , اسم الظّرف এর সাথে مَنْ ، مَا ، كَيْفَ، اَيْنَ এবং ضَمِيْر، الاِسْمُ الاِشَارَة , অর্থসহ ব্যবহার করুন।

الدَّرْسُ السَّادِسُ وَ الثَّلاَثُوْنَ : ৩৬তম ক্লাশ

৫৫৯.	كَبْكَبَ	কাবকাবুন	উল্টাইয়া দেওয়া (মাথা নিচের দিকে ও পা উপরের দিকে দেওয়া)	আশ শু'আরাা- ২৬: ৯৪
★★	كِتَابَةٌ	কিতাবাতুন	লেখা, ফরজ করে দেওয়া	আল বাক্বারা- ২: ১৮৭
৫৬০.	كَتْمٌ	কাতমুন	গোপন করা	আল বাক্বারা-২: ১৪০
★★	كَثْرٌ	কাছরুন	অধিক পরিমানে হওয়া, সংখ্যায় অধিক হওয়া	আন নিসা- ৪: ৭
	تَكَاثُرٌ	তাকাছুরুন	গর্বে স্ফীত হওয়া, আরো বেশীর জন্য চেষ্ঠা করা	আল হাদীদ- ৫৭:২০
৫৬১.	كَدْحٌ	কাদহুন	কষ্ট করা, প্রচেষ্টা করা	ইনশিক্বাক্ব- ৮৪: ৬
৫৬২.	اِنْكِدَارٌ	ইনকিদারুন	ঘোলা হওয়া, পঙ্কিল হওয়া, ময়লাযুক্ত হওয়া, আলোহীন হওয়া, অন্ধকার হওয়া	আত তাক্বীর- ৮১: ২
৫৬৩.	اِكْدَاءٌ	ইকদাউন	আটকে রাখা, কার্পন্য করা, পাথরের মত কঠিন হওয়া	আন নাজ্‌ম- ৫৩:৩৪
★★	كِذْبٌ	কিজবুন	মিথ্যা বলা	আয যুমার-৩৯:৩২
	تَكْذِيْبٌ	তাকযীবুন	মিথ্যা প্রতিপন্ন করা, অমান্য করা	আল বাক্বারা- ২:৩৯
★★	كَرَّةٌ	কাররাতুন	ঝুকে যাওয়া, পড়ে যাওয়া, পুনরায়করা, প্রত্যাবর্তন করা একবার, আক্রমন	আল বাক্বারা-২:১৬৭
৫৬৪.	تَكْرِيْمٌ	তাকরীমুন	মর্যাদাবান করা, সম্মানিত করা	আল ইস্‌রা বা বানী ইস্‌রাঈল- ১৭:৬২
৫৬৫.	كُرْهٌ	কারিহুন	অপছন্দ করা, ঘৃনা করা	আল আন্‌ফাল-৮:৮
৫৬৬.	كَسْبٌ	কাসবুন	উপার্জন করা	আল বাক্বারা-২:৮১
৫৬৭.	كَسَادٌ	কাসাদুন	ব্যবসা বা বাজার মন্দাহওয়া, লোকসান হওয়া	আত তাওবাঃ-৯:২৪
৫৬৮.	كِسْوَةٌ	কাসওয়াতুন	পরিধান করানো	আল মু'মিনূন-২৩:১৪
৫৬৯.	كَشْطٌ	কাশতুন	তুলেফেলা, সরিয়েফেলা, খুলে ফেলা	আত তাক্বীর-৮১:১১
৫৭০.	كَشْفٌ	কাশফুন	দূর করে দেওয়া, ইম্মুক্ত করা	আন নাহ্‌ল-১৬:৫৪
৫৭১.	كَظْمٌ	কাযমুন	দমন করা, সংবরণকরা, চুপথাকা, চেপেরাখা	আাল 'ইমরান-৩:১৩৪
★★	كُفْرٌ	কুফরুন	অস্বীকার করা, কুফরী করা	আল বাক্বারা-২:১০২
	تَكْفِيْرٌ	তাকফীরুন	দূর করা, মার্জনা করা, কাফের বলা, কাফফারা দেওয়া	মুহাম্মাদ-৪৭:২
★★	كَفٌّ	কাফফুন	বিরত রাখা, ফিরিয়ে রাখা	আল মায়িদা-৫:১১

☆☆	كَفَالَةٌ	কাফালাতুন	জামিন রাখা, দায়িত্ব নেওয়া, প্রতিপালন করা	আল 'ইমরান-৩:৪৪,
৫৭২.	كِفَايَةٌ	কিফায়াতুন	যথেষ্ট হওয়া	আন নিসা-৪:৬
৫৭৩.	كَلَاءَةٌ	কালায়াতুন	রক্ষা করা, হিফাজাত করা	আল আম্বিয়া-২১:৪২
☆☆	تَكْلِيبٌ	তাকলীবুন	কুকুরকে শিকার করা শিক্ষা দেওয়া	আল মায়িদা-৫:৪
৫৭৪.	كَلَاحٌ	কালাহুন	ভ্রুকুটি করা, বেদনায় মুখ বিকৃত করা	আল মু'মিনূন-২৩:১০৪
৫৭৫.	تَكْلِيفٌ	তাকলিফুন	কষ্ট দেওয়া, চাপিয়ে দেওয়া, জোর করা	আল বাক্বারা-২:২৮৬
☆☆	تَكْلِيمٌ	তাকলিমুন	কথা বলা	আল বাক্বারা- ২:২৫৩
☆☆	اِكْمَالٌ	ইকমালুন	পুর্ণকরা	আল মায়িদা-৫:৩
☆☆	كَنْزٌ	কানযুন	সম্পদ জমা করা, পঞ্জিভূত করা	আত তাওবাঃ-৯:৩৫
৫৭৬.	اِكْنَانٌ	ইকনানুন	গোপন করা	আল বাক্বারা-২:২৩৫
৫৭৭.	كَهَانَةٌ	কাহানাতুন	ভাগ্য গননা করা, ভবিষ্যৎ বলা, ভবিষ্যৎ বাণী করা	আত তুর-৫২:২৯
৫৭৮.	كَوْدٌ	কাওদুন	কাছাকাছি হওয়া, নিকটবর্তী হওয়া	আত তাওবাঃ-৯:১১৭
৫৭৯.	تَكْوِيرٌ	তাকওইরুন	পেচানো, ঘুরানো, গোলাকার করা, অন্ধকার করা	আয যুমার-৩৯:৫
☆☆	كَوْنٌ	কাওনুন	হওয়া, থাকা	আল বাক্বারা-২:৩৪
৫৮০.	كَيٌّ	কাইউন	আগুন দিয়ে দাগ দেওয়া, ছ্যাকা দেওয়া	আত তাওবাঃ-৯:৩৫
৫৮১.	كَيْدٌ	কাইদুন	কৌশল করা, প্রতারনা করা, ধোকা দেওয়া	যূসুফ-১২:৭৬
৫৮২.	كَيْلٌ	কাইলুন	মাপা, ওজন করা, পরিমাপ করা	আল মুতাফ্ফিফীন-৮৩:২
৫৮৩.	اِسْتِكَانَةٌ	ইস্তিকানাতুন	নত হওয়া, বিনয়ী হওয়া, অনুনয় বিনয় করা	আল 'ইমরান-৩:১৪৬
		ل		
৫৮৪.	لَبْثٌ	লাবছুন	অবস্থান করা, বাস করা, থাকা	হূদ-১১:৬৯
☆☆	لَبْسٌ	লাবসুন	সন্দেহ করা, মিশ্রিত করা, প্রতারনা করা, পরিধান করা	আল আন'আম-৬:৯
৫৮৫.	لَجْأٌ	লাজউন	আশ্রয় নেওয়া, আশ্রয় লওয়া	আত তাওবাঃ-৯:৫৭
☆☆	لَجَاجَةٌ	লাযাযাতুন	নাফরমানী করা, একগুয়েমী করা	আল মু'মিনূন-২৩:৭৫
৫৮৬.	إِلْحَادٌ	ইলহাদুন	ধর্ম ত্যাগীহওয়া, নাস্তিক হওয়া, অবিশ্বাশী হওয়া	আল আ'রাফ-৭:১৮০
	اِلْتِحَادٌ	ইলতিহাদুন	আশ্রয় গ্রহনকরা, থাকা	আল কাহ্ফ- ১৮:২৭
৫৮৭.	اِلْحَافٌ	ইলহাফুন	আবৃত করা, মিনতি করা	আল বাক্বারা-২:২৭৩
৫৮৮.	لُحُوْقٌ	লুহুকুন	সাক্ষাত করা, মিলিত হওয়া, যুক্ত হওয়া	আল 'ইমরান-৩:১৭০

৫৮৯.	لَدٌّ	লাদ্দুন	ঝগড়া করা, বিবাদ করা, বিতর্ক করা	আল বাক্বারা-২:২০৪
৫৯০.	لَذَّةٌ	লাজ্জাতুন	স্বাদ গ্রহণ করা, উপভোগ করা, মজা নেওয়া	আস স্যাফ্ফাত-৩৭:৪৬
৫৯১.	اِلْزَامٌ	ইলজামুন	বাধ্যতামূলক করা, চাপিয়ে দেওয়া, লাগিয়ে রাখা	আল ইস্‌রা বা বানী ইস্‌রাঈল-১৭:১৩
☆☆	تَلَطُّفٌ	তালাত্তুফুন	বুদ্ধিমত্তার সাথে কাজ করা	আল কাহ্‌ফ-১৮:১৯
☆☆	تَلَظِّيٌ	তালাজ্জিয়ুন	জ্বলে ওঠা, প্রজ্বলিত হওয়া, লেলিহান শিখা বের হওয়া	আল লায়ল- ৯২:১৪
৫৯২.	لَعْبٌ	লা'বুন	খেলধুলা করা, তামাশা করা, কৌতুক করা	আত তাওবাঃ-৯:৬৫
৫৯৩.	لَعْنٌ	লা'নুন	অভিশাপ দেওয়া	আল আহযাব-৩৩:৬৪
৫৯৪.	لُغُوبٌ	লুগুবুন	ক্লান্ত হওয়া, শ্রান্ত হওয়া	ফাত্বির-৩৫:৩৫
৫৯৫.	لَغْوٌ	লাগউন	বকবক করা, অর্থহীন কথাবার্তা বলা	আল বাক্বারা- ২:২২৫
৫৯৬.	اِلْتِفَاتٌ	ইলতিফাতুন	নজর দেওয়া, তাকানো, ফেরানো	য়ূনুস-১০:৭৮
৫৯৭.	لَفْحٌ	লাফহুন	জালানো, পোড়ানো	মু'মিনুন-২৩:১০৪
৫৯৮.	لَفْظٌ	লাফজুন	উচ্চারণ করা, বলা	ক্বাফ্-৫০:১৮
৫৯৯.	اِلْتِفَافٌ	ইলতিফাফুন	পাকানো, পেচানো, জড়ানো, আবর্তিত হওয়া	আল ক্বিয়ামাঃ-৭৫:২৯
৬০০.	اِلْفَاءٌ	ইলফাউন	পাওয়া, দেখতে পাওয়া	আস স্যাফ্ফাত-৩৭:৬৯
৬০১.	اِلْتِقَاطٌ	ইলতিক্বাতুন	সংগ্রহ করা, উঠিয়ে নেওয়া, কুঁড়িয়ে পাওয়া, চয়ন করা	আল ক্বাসাস্-২৮:৮
৬০২.	لَقْفٌ	লাকফুন	গিলেফেলা, ধরেফেলা, ছিনিয়ে নেওয়া, হজম করে ফেলা	আল আ'রাফ-৭:১১৭

القانون الميسَّر: EASY RULES :সহজ নিয়ম-৩৬

اسم الآلة : যন্ত্রবাচক বিশেষ্য

যে اسم দ্বারা فعل বা ক্রিয়া সম্পাদন করার যন্ত্র বা হাতিয়ার বুঝায় তাকে اسم الآلة বলে।

ثُلاثِي مُجَرَّد (তিন অক্ষরের বিশিষ্ট ক্রিয়া) হতে اسم الآلة গঠিত হয় مفعَلٌ, مفعَلَةٌ , مفعَالٌ এ তিনটি ওযনে হয়ে থাকে। প্রথমটিকে صُغْرَى , দ্বিতীয়টিকে وُسْطَى ও তৃতীয়টিকে كُبْرَى বলে। যথাঃ مدْفَعٌ ঢাল, مسْطَرَةٌ স্কেল, مفْتَاحٌ চাবি। প্রত্যেকটি وَاحد , تثنية ও جَمْع মিলে মোট নয়টি صيغة হবে। صُغْرَى থেকে তিনটি, وُسْطَى থেকে তিনটি ও كُبْرَى থেকে তিনটি। এটা থেকেও উপরোক্ত নিয়মে جمع হবেনা বরং جَمع تكسير হবে।

প্রকাশ থাকে যে, صُغْرَى , وُسْطَى ও كُبْرَى এ তিনটি اسم الآلة এর তিনটি ওযন মাত্র। এর দ্বারা ছোট, মধ্যম ও বড় বুঝানো হবে না। যদিও صغرى অর্থ ছোট, وسطى অর্থ মধ্যম ও كبرى অর্থ বড়। তাই অনুবাদ করার সময় ছোট যন্ত্র, মধ্যম যন্ত্র ও বড় যন্ত্র অর্থ করা ভুল হবে।

اسم الآلة

নং	التصريف	الصيغة	অর্থ
১	مفعَلٌ	واحد صُغرى	*করার একটি যন্ত্র*
২	مفعَلان	تثنية صُغرى	*করার দুটি যন্ত্র*
৩	مَفَاعِلُ	جَمع صُغرى	*করার যন্ত্র সমূহ*
৪	مفعَلَةٌ	واحد وُسْطَى	*করার একটি যন্ত্র*
৫	مَفْعَلَتَان	تثنية وُسْطَى	*করার দুটি যন্ত্র*
৬	مَفَاعِلُ	جَمع وُسْطَى	*করার যন্ত্র সমূহ*
৭	مفعَالٌ	واحد كُبْرَى	*করার একটি যন্ত্র*
৮	مفعَالان	تثنية كُبْرَى	*করার দুটি যন্ত্র*
৯	مَفَاعِيْلُ	جَمع كُبْرَى	*করার যন্ত্র সমূহ*

اسم التَّفْضِيل

যে اسم দ্বারা ব্যক্তি বা বস্তুর দোষ গুনের পারস্পরিক তুলনামূলক আধিক্যতা বা সল্পতা বুঝায় তাকে اسم التفضيل বলে।

ثُلاثِيْ مُجَرَّد (তিন অক্ষর বিশিষ্ট ক্রিয়া) হতে اسم التفضيل- اَفْعَلُ ও فُعْلَى এ দুটি ওযনে গঠিত হয়। مذكر এর জন্য اَفْعَلُ ও مؤنث এর জন্য فُعْلَى এর ওযনে হবে। اسم التفضيل থেকে جمع টি جَمع التَّكسِيْر ও جمع التَّصحيح উভয়টিই হয়ে থাকে। তাই اسم التفضييل থেকে আটটি صيغة হবে। مذكر এর চারটি ও مؤنث এর চারটি।

اسم التَّفْضِيل

নং	التصريف	الصيغة	অর্থ
১	اَفْعَلُ	واحد مذكر	*শ্রেষ্ঠ সম্পাদন কারী*
২	اَفْعَلاَن	تثنية مذكر	*শ্রেষ্ঠ সম্পাদন কারীদ্বয়*
৩	اَفْعَلُوْنَ	جَمع مذكر سالِم	*শ্রেষ্ঠ সম্পাদন কারীবৃন্দ*
৪	اَفَاعِلُ	جَمع مذكر مكسر	*শ্রেষ্ঠ সম্পাদন কারীবৃন্দ*
৫	فُعْلَى	واحد مؤنث	*শ্রেষ্ঠ সম্পাদন কারিনী*
৬	فُعليَان	تثنية مؤنث	*শ্রেষ্ঠ সম্পাদন কারিনীদ্বয়*
৭	فُعْلَيَاتٌ	جَمع مؤنث سالِم	*শ্রেষ্ঠ সম্পাদন কারিনীবৃন্দ*
৮	فُعَلُ	جَمع مؤنث مكسر	*শ্রেষ্ঠ সম্পাদন কারিনীবৃন্দ*

اسم التَّفْضِيل টি সাধারন বিশেষণ, দুইয়ের মধ্যে তুলনা ও দুইয়ের অধিকের মধ্যে তুলনা বুঝানোর জন্য ব্যবহার হয়ে থাকে। যখন দুইয়ের মধ্যে তুলনা বুঝাবে তখন তার পরে مِنْ দিয়ে ব্যবহর করতে হবে। যথাঃ মামুন আব্দুলস্নাহ হতে উত্তম। مامون اَفْضَلُ مِنْ عبد الله , যখন অনেকের মধ্যে তুলনা করা হবে তখন مضاف হিসেবে ব্যবহার হবে। যথাঃ হাসান ক্লাশের মধ্যে ভাল। حَسَنٌ اَفْضَلُ الصَّفِّ , আর যখন সাধারন ভাবে ব্যবহার হবে তখন তার প্রথমে আলিফ লাম (الف لام) হবে। হোসাইন ভাল। حسين الافْضَلُ .

التمرين: অনুশীলনী-৩৬

◈ الْحَرْثُ চাষ করা, الْفَتْحُ খোলা, উন্মুক্ত করা ক্রিয়ামূল দ্বারা اسم الآلة ও اسم التَّفْضِيل এর রূপান্তর গুলো অর্থসহ দ্রম্নত বলুন ও এগুলো দিয়ে বাক্য গঠন করুন।

اَلدَّرْسُ السَابِعُ وَ الثَّلاَثُوْنَ : ৩৭তম ক্লাশ

ক্রমিক	আরবী	উচ্চারণ	অর্থ	উদাহরণ
৬০৩.	اِلْتِقَامٌ	ইলতিকামুন	গিলে ফেলা, গ্রাস নেওয়া	আস স্যাফ্‌ফাত-৩৭:১৪২
৬০৪.	لِقَاءٌ	লিকাউন	সাক্ষাৎ হওয়া, দেখা, মিলিত হওয়া	আল বাক্বারা-২:১৪
	اِلْقَاءٌ	ইলক্বাউন	নিক্ষেপ করা, ফেলে দেওয়া, ঢেলে দেয়া	আল আ'রাফ- ৭:১১৭
☆☆	لَمْحٌ	লামহুন	তাকানো, দৃষ্টিপাতকরা, দৃষ্টি দেওয়া, দেখা	আন নাহ্‌ল-১৬:৭৭
৬০৫.	لَمْزٌ	লামযুন	কটাক্ষ করা, নিন্দা করা, দোষারোপ করা	আল হুজুরাত-৪৯:১১
৬০৬.	لَمْسٌ	লামসুন	স্পর্শ করা, ছোঁয়া	আল আন'আম-৬:৭
	اِلْتِمَاسٌ	ইলতিমাসুন	খোজকরা, তালাশকরা	আল হাদীদ-৫৭:১৩
☆☆	لَمٌّ	লাম্মুন	জমা করা, জড়ো করা	আল ফাজ্‌র-৮৯:১৯
	لَمَمٌ	লামামুন	পাপের নিকটবর্তী হওয়া, ছোট পাপ করা	আন নাজ্‌ম-৫৩:৩৩
৬০৭.	لَهْثٌ	লাহছুন	জিহ্বা বের করে হাপানো বা শ্বাস নেওয়া	আল আ'রাফ-৭:১৭৬
৬০৮.	اِلْهَامٌ	ইলহামুন	অন্তরের মধ্যে অনুপ্রেরণা দেওয়া, প্রত্যাদেশ করা	আশ শাম্‌স-৯১:৮
☆☆	اِلْهَاءٌ	ইলহাউন	আশক্ত করা, গাফেল করা, ভুলিয়ে রাখা	আত তাকাছুর-১০২:১
৬০৯.	لِوَاذٌ	লিওয়াজুন	আশ্রয় গ্রহণ করা, পরস্পর আশ্রয় লওয়া	আন নূর-২৪:৬৩
৬১০.	لَوْمٌ	লাওমুন	তিরস্কার করা, নিন্দা করা, ভর্ৎসনা করা	আল মায়িদা-৫:৫৪
৬১১.	لَيٌّ	লাইউন	বাকা করা, পেচানো, পাক খাওয়া	আন নিসা-৪:১৩৫
৬১২.	لَيْتٌ	লাইতুন	কমকরা,কমানো	আল হুজুরাত-৪৯:১৪
	لَيْتَ	লাইতা	যদি হতো	আল ক্বাসাস্‌-২৮:৭৯
৬১৩.	لَيْسَ	লাইসা	না, না হওয়া, নেই	আল বাক্বারা-২:১৭৭
৬১৪.	لِيْنٌ	লাইনুন	নরম হওয়া, কোমল হওয়া, নম্রতা প্রদর্শন করা	আ্যাল 'ইমরান-৩:১৫৯
		م		
☆☆	تَمْتِيْعٌ	তামতিউন	উপভোগ করা	আয যুখ্‌রুফ-৪৩:২৯
☆☆	تَمَثُّلٌ	তামাস্‌ছুলুন	প্রকাশ হওয়া, আকৃতি ধারণ করা	মারিয়াম-১৯:১৭
	مَثَالَةٌ	মাছালাতুন	শ্রেষ্ট হওয়া, উত্তম হওয়া	ত্মাহা-২০:৬৩

৬১৫.	تَمْحِيصٌ	তামহীসুন	খাটি করা, পরীক্ষা করা, নির্ভেজাল করা	আাল 'ইমরান-৩:১৪১
৬১৬.	مَحْقٌ	মাহকুন	নিঃশেষ করা, ধবংস করা	আল বাক্বারা-২:২৭৬
৬১৭.	اِمْتِحَانٌ	ইমতিহানুন	পরীক্ষা করা	আল হুজুরাাত-৪৯:৩
৬১৮.	مَحْوٌ	মাহউন	মুছেফেলা, অপসারিত করা	আল ইস্‌রা বা বানী ইস্‌রাঈল-১৭:১২
☆☆	مُخُوْرٌ	মুখুরুন	পানি বিদীর্ন করে চলা	আন নাহ্‌ল-১৬:১৪
☆☆	مَخَاضٌ	মাখাদুন	প্রসব বেদনা উপস্থিত হওয়া বা সময় হওয়া	মার্‌য়াম-১৯:২৩
☆☆	مَدٌّ	মাদ্দুন	বিছিয়ে দেওয়া, ছড়িয়ে দেওয়া, বিস্তৃত করা, টানা, গুটানো	আর রা'দ-১৩:৩
☆☆	مَرَجٌ	মারাজুন	প্রবাহিত করা	আর রাহ্‌মান-৫৫:১৯
☆☆	مَرَحٌ	মারাহুন	উৎফুল্ল হওয়া, প্রফুল্ল হওয়া	আল ইস্‌রা বা বানী ইস্‌রাঈল-১৭:৩৭
☆☆	مَرْدٌ	মারদুন	সীমালংঘন করা, বিদ্রোহ করা, অবাধ্য হওয়া	আত তাওবাঃ-৯:১০১
☆☆	مُرُوْرٌ	মুরুরুন	অতিক্রম করা, গমন করা	আল বাক্বারা-২:২৫৯
	اِسْتِمْرَارٌ	ইস্তিমরারুন	অব্যাহত থাকা, চলমান থাকা	আল ক্বামার- ৫৪: ২
	مَرَارَةٌ	মারারাতুন	তিক্ত হওয়া, তিতা হওয়া	আল ক্বামার- ৫৪:৪৬
৬১৯.	مَرْضٌ	মারদুন	রুগ্ন হওয়া, অসুস্থ হওয়া	আল বাক্বারা-২:১০
☆☆	مُمَارَاةٌ	মুমারাতুন	ঝগড়া বিবাদ করা	আল কাহ্‌ফ-১৮:২২
	مِرَاءٌ	মিরাউন	সন্দেহ করা, ঝগড়া করা	আল কাহ্‌ফ-১৮:২২
৬২০.	تَمْزِيْقٌ	তামযিকুন	টুকরা টুকরা করা, ছিড়ে ফেলা	সাবাা-৩৪:১৯
☆☆	مَسْحٌ	মাসহুন	মোছা, হাত বুলানো	আন নিসা-৪:৪৩
৬২১.	مَسْخٌ	মাসখুন	আকৃতি পরিবর্তন করা, রূপান্তরিত করা	য়াাসীন-৩৬:৬৭
৬২২.	مَسٌّ	মাস্‌সুন	স্পর্শ করা, ছোঁয়া	আাল 'ইমরান-৩:১৪০
☆☆	تَمْسِيْكٌ	তামসিকুন	আকড়ে ধরা, দৃঢ়ভাবে ধারণ করা	আল আ'রাাফ- ৭: ১৭০
	اِمْسَاكٌ	ইমসাকুন	বাধা দেওয়া, ফিরিয়ে রাখা	আল মুল্‌ক- ৬৭: ২১
৬২৩.	اِمْسَاءٌ	ইমসাউন	সন্ধায় উপনিত হওয়া	আর রূম-৩০: ১৭
☆☆	مَشْيٌ	মাশইউন	চলা, হাটা, পদব্রজে চলা, মার্চ করা	আল বাক্বারা-২:২০
৬২৪.	مَضْيٌ	মাদ্বয়ুন	অতিক্রান্ত হওয়া, চলে যাওয়া, অতিবাহিত হওয়া	আল আন্‌ফাল-৮:৩৮

৬২৫.	اِمْطَارٌ	ইমতারুন	বৃষ্টি বর্ষণ করা	আল আ'রাফ-৭:৪৮
৬২৬.	تَمَطِّيٌ	তামাত্তিউন	অহংকারের সাথে চলা, গর্বের সহিত চলা	আল ক্বিয়ামাঃ-৭৫:৩৩
৬২৭.	مَكْثٌ	মাকসুন	থামা, বিলম্ব করা, অপেক্ষা করা	আন নাম্ল-২৭:২২
৬২৮.	مَكْرٌ	মাকরুন	ধোকা দেওয়া, প্রতারনা করা, কৌশল করা	আল 'ইমরান-৩:৫৪
☆☆	تَمْكِيْنٌ	তামকিনুন	প্রতিষ্ঠিত করা, মজবুত করা, শক্তিশালী করা	আল আ'রাফ-৭:১০
	اِمْكَانٌ	ইমকানুন	সম্ভব হওয়া, সক্ষম হওয়া, সমর্থ হওয়া	আল আন্ফাল- ৮: ৭১
৬২৯.	مُكَاءٌ	মুকাউন	শিষধ্বনি দেওয়া, হাততালি দেওয়া, তালি বাজানো	আল আন্ফাল-৮:৩৫
☆☆	مِلْءٌ	মিলউন	পূর্ণ করা, ভর্তি করা	আল কাহ্ফ-১৮:১৮
	اِمْتِلَاءٌ	ইমতিলাউন	ভরে যাওয়া, পূর্ন হওয়া, বোঝাই হওয়া	ক্বাফ্- ৫০:৩০
৬৩০.	اِمْلَاقٌ	ইমলাকুন	দরিদ্র হওয়া, অভাবী হওয়া	আল আন'আম-৬:১৫১
☆☆	مُلْكٌ	মিলকুন	মালিক হওয়া, অধিকারী হওয়া, অধিপতি হওয়া	আন নিসা-৪:৩
☆☆	اِمْلَالٌ	ইমলালুন	অপরের মাধ্যমে লেখানো, বিরক্ত করা, বিরক্তিকর হওয়া	আল বাক্বারা-২:২৮২
☆☆	اِمْلَاءٌ	ইমলাউন	আশা করা, অবকাশ দেওয়া	আল আ'রাফ-৭:১৮৩
৬৩১.	مَنْعٌ	মানউন	নিষেধ করা, বিরত রাখা, ফিরিয়ে দেওয়া	আল বাক্বরা-২:১১৪
☆☆	مَنٌّ	মান্নুন	অনুগ্রহ করা, দয়া করা, খোটা দেওয়া, কমকরা	আল 'ইমরান-৩:১৬৫
☆☆	تَمْنِيَةٌ	তানমিয়াতুন	আশা দেওয়া, আশা জাগানো, আশান্বিতকরা	আন নিসা- ৪: ১১৯
	اِمْنَاءٌ	ইমনাউন	বির্যপাত করা, নির্গত করা	আন নাজ্ম-৫৩ : ৪৬
	تَمَنِّيٌ	তামান্নিয়ুন	ইচ্ছাকরা, কামনা করা, আশা করা	আল হাজ্জ্- ২২: ৫২
☆☆	مَهْدٌ	মাহদুন	তৈরী করা, প্রস্তুত করা, বন্ধুত্ব করা, সমান করা	আর রূম-৩০:৪৪
☆☆	تَمْهِيْلٌ	তামহীলুন	অবকাশ দেওয়া, সুযোগ দেওয়া	আল মুয্যাম্মিল-৭৩:১১
☆☆	مَوْتٌ	মাওতুন	মৃত্যুবরণ করা, মারা যাওয়া	আল 'ইমরান-৩:১৪৪
৬৩২.	مَوْجٌ	মাওজুন	ঢেউখেলা, উত্তাল হওয়া	য়ূনুস-১০:২২
৬৩৩.	مَوْرٌ	মাওরুন	দোলানো, হেলানো	আত ত্বূর-৫২:৯
☆☆	مَيْدٌ	মাইদুন	নত হওয়া, অবনত হওয়া, কম্পিত হওয়া	আন নাহ্ল-১৬:১৫
৬৩৪.	مَيْرٌ	মাইরুন	খাদ্য বা রসদ বহন করা বা নিয়ে আসা	য়ূসুফ-১২:৬৫
	مَيْزٌ	মাইজুন	পৃথক করা, আলাদা করা	আল 'ইমরান-৩:১৭৯

☆☆	تَمَيُّزٌ	তামায়্যুযুন	রাগে ফেটে পড়া	আল মুল্ক- ৬৭ : ৮
৬৩৫.	مَيْلٌ	মাইলুন	ঝুকে পড়া, নত হওয়া, আক্রমন করা	আন নিসা-৪:২৭
		ن		
৬৩৬.	نَايٌ	নাইউন	দুর হওয়া, দুরে সরে যাওয়া	আল ইস্রা বা বানী ইস্রাঈল-১৭:৮৩
☆☆	تَنْبِئَةٌ	তাম্বিআতুন	সর্তক করা, সংবাদ দেওয়া, প্রচার করা	আত তাহ্রীম-৬৬:৩
☆☆	اِنْبَاتٌ	ইম্বাতুন	উৎপন্ন করা	ক্বাফ্-৫০:৭
৬৩৭.	نَبْذٌ	নাবজুন	নিক্ষেপ করা	আল বাক্বারা-২:১০১
৬৩৮.	تَنَابُزٌ	তানাবুজুন	খারাপ নামে ডাকা, ব্যাঙ্গাত্মক নামে সম্বোধন করা	আল হুজুরাাত-৪৯:১১
৬৩৯.	اِسْتِنْبَاطٌ	ইস্তিম্বাতুন	যাচাই করা, বের করা, অনুসন্ধান করা	আন নিসা-৪:৮৩
৬৪০.	نَتْقٌ	নাতকুন	উঠানো, ঝুলিয়ে দেওয়া, উচু করা	আল আ'রাাফ-৭:১৭১
৬৪১.	نَثْرٌ	নাছরুন	ছড়ানো-ছিটানো, বিক্ষিপ্ত করা	আল ফুরক্বান-২৫:২৩
৬৪২.	نَجَاةٌ	নাজাতুন	মুক্তি পাওয়া, নাজাত পাওয়া, বাচিয়ে দেওয়া	আল ক্বাসাস্-২৮:২৫
	نَجْوَاى	নাজওয়া	চুপিচুপি কথা বলা, ফিসফিস করা	আল ইস্রা বা বানী ইস্রাঈল-১৭:৪৭

القانون الميسَّر: EASY RULES :সহজ নিয়ম-৩৭

تَعْرِيْف الْمَصَادِر

الْمَصْدَر পরিচিতি: الْمَصْدَر শব্দের অর্থ উৎপত্তিস্থল বা ক্রিয়ামূল । আর যে সকল শব্দ থেকে **فعل** সমূহ গঠিত হয় তাকে **مصدَر** বলে।

বাব পরিচিতি: অনেক গুলো **مصدر** একই আকৃতিতে একই রূপে একই নিয়মে ব্যবহৃত হয়ে থাকে। আকৃতি ও গঠন প্রকৃতির দিক থেকে যতগুলো **مصدر** একই রূপে ব্যবহৃত হয় সেগুলো থেকে একটি **مصدر** কে মূল উৎস ধরে বাকী গুলোকে সেটার অধীনে গন্য করা হয়। এ মূল উৎসটিকে আরবী ব্যাকরণের ভাষায় **بَـــاب** বলে। কোন কোন ক্রিয়া একাধিক বাব থেকেও ব্যবহৃত হতে পারে।

بَـــاب বুঝার পূর্বে আমাদের নিম্নোক্ত বিষয় সম্পর্কে ধারনা রাখতে হবে।

مـــَادَّة বা মূল অক্ষরের সংখ্যার দৃষ্টিকোন থেকে **فِعْل** গুলো দুই প্রকার:

১. ثُلاثِي - তিন অক্ষর বিশিষ্ট

২. رُبَـــاعِي চার অক্ষর বিশিষ্ট

আরবীতে তিন অক্ষর বিশিষ্ট **فعل** বা ক্রিয়াই বেশী, তাই অধিকাংশ **بـــَاب** বাব গুলো **ثُلاثِي** বা তিন অক্ষর বিশিষ্ট ক্রিয়া থেকেই হয়ে থাকে। আর **ثلاثِي** থেকে **باب** গুলো প্রধানত তিনটি পদ্ধতিতে ব্যবহৃত হয়ে থাকে।

(ক) **مـــَاضِي** এর **وَاحد مذكر غائب** এর **صِيْغة** তে মূল অক্ষর ব্যতিত অতিরিক্ত কোন অক্ষর যোগ হবেনা। তাকে আরবী ব্যাকরণের ভাষায় **مُجَرَّد** বলে। যথা ঃ نَصَرَ ، ضَرَبَ ، سَمِعَ ، كَرُمَ ، دَخَلَ ، حَسِبَ ইত্যাদি। আর মূল অক্ষরের সাথে অতিরিক্ত অক্ষর যোগ হলে তাকে আরবী ব্যাকরণের ভাষায় **مَزِيْدٌ فِيْه** বলে।

(খ) মূল অক্ষরের সাথে অতিরিক্ত অক্ষর যোগ হবে। ও প্রথমে একটি **همزة الوصل** বা যের বিশিষ্ট একটি হামযা থাকবে। যথাঃ اِحْتَمَلَ ، اِجْتَنَبَ ، اِسْتَغْفَرَ ، اِسْتَنْصَرَ ، اِنْطَلَقَ ، اِنْفَطَرَ ইত্যাদি।

(গ) মূল অক্ষরের সাথে অতিরিক্ত অক্ষর যোগ হবে তবে প্রথমে **همزة الوصل** বা যের বিশিষ্ট হামযা থাকবে না। যথা ঃ اَسْلَمَ ، اَكْرَمَ ، صَدَّقَ ، سَلَّمَ ، تَهَجَّدَ ، تَقَبَّلَ ، جَاهَدَ ، خَاصَمَ ، تَعَامَلَ ، تَعَاشَرَ ইত্যাদি।

- আর **رُبَـــاعِي** থেকে মাত্র একটি **بَـــاب** (বাব)ই অধিক ব্যবহৃত হয়। বাকী **بَاب** (বাব) গুলো কিছু আছে পবিত্র কোরআনে ব্যবহার হয়না আর কিছু আছে নামে মাত্র আছে বাস্তবে এর কোন অস্তিত্ব নেই তাই সেগুলো নিয়ে বেশী মাথা ঘামানোর প্রয়োজন নেই।

এবার এসব বাব গুলো সম্পর্কে আমরা বিস্তারিত ভাবে জানব। বাব গুলো কয়েকটি পদ্ধতিতে ব্যবহার হয়ে থাকে। নিম্নে এ বিষয়ে বিস্তারিত আলোকপাত করা হলো।

প্রথম পদ্ধতি ঃ اَبْوَابُ الثُّلَاثِى الْمُجَرَّد

مَــاضِى এর وَاحِد مذكر غائب এর صِيْغَة তে মূল অক্ষর ব্যতিত অতিরিক্ত কোন অক্ষর যোগ হবেনা। এ পদ্ধতির অধীনে ছয়টি বাব রয়েছে। পাঁচটি বেশী ব্যবহৃত হয় ও একটি কম ব্যবহৃত হয়।

◈ **الباب الاول : প্রথম বাব** نَصَرَ يَنْصُرُ মূল مصدر হলো اَلنَّصْرُ সাহায্য করা। আরবীতে এরূপ এ ওযনে এ আকৃতিতে যত فعل বা ক্রিয়া আসবে সে গুলো بــَـاب نَصَر يَنْصُرُ এর অন্তর্ভূক্ত হবে। যেমনঃ دَخَلَ يَدْخُلُ , خَرَجَ يَخْرُجُ ، سَتَرَ يَسْتُرُ طَلَبَ يَطْلُبُ , تَرِكَ يَتْرُكُ ইত্যাদি।

◈ **الباب الثاني : দ্বিতীয় বাব**

ضَرَبَ يَضْرِبُ মূল مصدر হলো اَلضَّرْبُ প্রহার করা, উদাহরণ দেওয়া, চলাচল করা। আরবীতে এরূপ এ ওযনে এ আকৃতিতে যত فعل বা ক্রিয়া আসবে সে গুলো بــَـاب ضَرَبَ يَضْرِبُ এর অন্তর্ভূক্ত হবে। যেমনঃ غَفَرَ يَغْفِرُ ، غَسَلَ يَغْسِلُ ، كَسَبَ يَكْسِبُ ، جَلَسَ يَجْلِسُ ، كَشَفَ يَكْشِفُ ইত্যাদি।

◈ **الباب الثالث : তৃতীয় বাব**

سَمِعَ يَسْمَعُ মূল مصدر হলো اَلسَّمْعُ শ্রবন করা। আরবীতে এরূপ এ ওযনে এ আকৃতিতে যত فعل বা ক্রিয়া আসবে সে গুলো بــَـاب سَمِعَ يَسْمَعُ এর অন্তর্ভূক্ত হবে। যেমন ঃ حَمِدَ يَحْمَدُ ، لَبِثَ يَلْبَثُ ، شَرِبَ يَشْرَبُ ইত্যাদি।

◈ **الباب الرَّابع : চতুর্থ বাব**

فَتَحَ يَفْتَحُ মূল مصدر হলো اَلْفَتْحُ খোলা। আরবীতে এরূপ এ ওযনে এ আকৃতিতে যত فعل বা ক্রিয়া আসবে সে গুলো بــَـاب فَتَحَ يَفْتَحُ এর অন্তর্ভূক্ত হবে। যেমন ঃ قَطَعَ يَقْطَعُ ، مَنَعَ يَمْنَعُ ، رَفَعَ يَرْفَعُ ، ذَهَبَ يَذْهَبُ ইত্যাদি।

◈ **الباب الْخَامس : পঞ্চম বাব**

كَرُمَ يَكْرُمُ মূল مصدر হলো اَلْكَرْمُ و اَلْكَرَامَةُ সম্মানিত হওয়া। আরবীতে এরূপ এ ওযনে এ আকৃতিতে যত فعل বা ক্রিয়া আসবে সে গুলো بــَـاب كَرُمَ يَكْرُمُ এর অন্তর্ভূক্ত হবে। যেমন ঃ بَعُدَ يَبْعُدُ ، قَرُبَ يَقْرُبُ ইত্যাদি।

◈ এ পাঁচটি বাবই অধিক ব্যবহৃত হয়। আর এসব জানতে ও শিখতে হলে খুব বেশী বেশী করে مَصْدَر মুখস্ত করতে হবে। কারন এসব বাব চিনার প্রকাশ্য কোন علامة নেই।

◈ **الباب السَّادس : ষষ্ঠ বাব**

حَسِبَ يَحْسِبُ মূল مصدر হলো اَلْحَسْبُ و اَلْحِسْبَانُ ধারনা করা। আরবীতে এরূপ এ ওযনে এ আকৃতিতে যত فعل বা ক্রিয়া আসবে সে গুলো بــَـاب حَسِبَ يَحْسِبُ এর অন্তর্ভূক্ত হবে। যেমন ঃ نَعِمَ يَنْعِمُ ইত্যাদি।

◈ **এ বাবটি খুব কম ব্যবহার হয়। তাই এ বাবের** مصدر **ও কম আসে। আর কম ব্যবহৃত বিষয়কে আরবী পরিভাষায়** شَاذ **বলা হয়। তাই এ বাবটিকে** شَاذ **বলে।**

التمرين: অনুশীলনী-৩৭

◈নিম্ন শব্দগুলোর **بَاب** (বাব) নির্ধারণ করুন।

فَتْحٌ ، كُفْرٌ ، خُرُوْجٌ ، عَمَلٌ ، ذِهَابٌ ، عِلْمٌ ،

الدَّرْسُ الثَّامِنُ وَ الثَّلاَثُوْنَ : ৩৮তম ক্লাশ

৬৪৩.	نَحْبٌ	নাহবুন	ওয়াদা করা, চুক্তি করা, দায়িত্ব নেওয়া	আল আহযাব-৩৩:২৩
৬৪৪.	نَحْتٌ	নাহতুন	খোদাই করা	আল আ'রাফ-৭:৭৪
৬৪৫.	نَحْرٌ	নাহরুন	কুরবানী করা	আল কাওছার-১০৮:২
☆☆	نَحْسٌ	নাহসুন	যুলুম করা	আল ক্বামার-৫৪:১৯
☆☆	نِحْلَةٌ	নিহলাতুন	সন্তুষ্টচিত্তে দান করা, আনন্দচিত্তে দান করা	আন নিসা-৪:৪
৬৪৬.	نَدَامَةٌ	নাদামাতুন	লজ্জিত হওয়া, অনুতপ্ত হওয়া	আল মায়িদা- ৫: ৩১
☆☆	نِدَاءٌ	নিদাউন	ডাকা, আহবান করা	আল আ'রাফ-৭:৪৪
৬৪৭.	نَذْرٌ	নাযরুন	মানত করা	আলে 'ইমরান-৩:৩৫
	اِنْذَارٌ	ইনযারুন	সতর্ক করা, ভয় দেখানো	আল বাক্বারা- ২: ৬
৬৪৮.	نَزْعٌ	নাযউ'ন	বের করা, টানা, ছিনিয়ে নেওয়া	আল আ'রাফ-৭:১০৮
	تَنَازُعٌ	তানাযু'উন	পরস্পর ঝগড়া বিবাদ করা	আাল 'ইমরান-৩:১৫২
৬৪৯.	نَزْغٌ	নাযগুন	কুমন্ত্রনা দেওয়া, কুপরামর্শ দেওয়া	আল আ'রাফ-৭:২০০
৬৫০.	نَزْفٌ	নাযফুন	জ্ঞান হরানো, বেহুশ করা	আস স্যাফ্‌ফাত-৩৭:৪৭
☆☆	نُزُوْلٌ	নুযুলুন	অবর্তীন হওয়া, নাযিল হওয়া, নামা, স্বাগত জানানো, অতিথেয়তা করা	আল ইস্‌রা বা বানী ইস্‌রাঈল-১৭:১০৫
	اِنْزَالٌ	ইনযালুন	অবতীর্ন করা, নাযিল করা	
☆☆	نَسِيْئٌ	নাসীউন	হালাল মাসকে হারাম ও হারাম মাসকে হালাল সাব্যস্থ করা	আত তাওবাঃ- ৯: ৩৭
☆☆	نَسْخٌ	নাসখুন	রহিত করা, মুলতবী করা	আল বাক্বারা-২:১০৬
৬৫১.	نَسْفٌ	নাসফুন	টুকরো টুকরো করা, নিক্ষেপ করা	ত্বাহা-২০:৯৭
☆☆	نَسْكٌ	নাসকুন	ধার্মিক হওয়া, ইবাদতকরা, অনুসরন করা	আল হাজ্জ- ২২: ৬৭
☆☆	نَسْلٌ	নাসলুন	দৌড়ে পালানো, বেরিয়ে যাওয়া, জন্ম দেওয়া	আম্বিয়া-২১: ৯৬
৬৫২.	نِسْيَانٌ	নিসইয়ানুন	ভুলে যাওয়া	আল কাহ্‌ফ-১৮:৫৭
৬৫৩.	اِنْشَاءٌ	ইনশাউন	সৃষ্টি করা, রচনা করা, লালন-পালন করা	আল আন'আম-৬:১৪১

	نَاشِئَةٌ	নাশিয়াতুন	রাতে সপ্নভঙ্গের পর জেগে উঠা, রাত জেগে ইবাদাত করা	আল মুয্যাম্মিল-৭৩:৬
৬৫৪.	نَشْرٌ	নাশরুন	বিস্তৃতি ঘটানো, ছড়ানো	আল মুরসালাাত-৭৭:৩
	نُشُوْرٌ	নুশুরুন	হিসাব নিকাশের জন্য উঠে দাড়ানো, জীবিত হওয়া	ফাাত্বির-৩৫:৯
৬৫৫.	اِنْشَازٌ	ইনশাযুন	জুড়ে দেওয়া	আল বাক্বারা-২:২৫৯
	نُشُوْزٌ	নুশুযুন	অবাধ্য হওয়া	আন নিসা-৪:১২৮
৬৫৬.	نَشْطٌ	নাশতুন	বন্ধনখুলে দেওয়া, কোমলতা প্রদর্শন করা, সহজ করে দেয়া,	আন নাাযি'আাত-৭৯:২
☆☆	نَصَبٌ	নাসাবুন	দুঃখ-কষ্ট বা মুসিবতে পড়া, দাড় করানো	আত তাওবাঃ-৯:১২০
৬৫৭.	اِنْصَاتٌ	ইনসাতুন	চুপ থাক, মনোযোগ দেওয়া	আল আ'রাাফ-৭:২০৪
☆☆	نُصْحٌ	নাসহু	উপদেশ দেওয়া, কল্যান কামনা করা	আল আ'রাাফ-৭:৭৯
☆☆	نَصْرٌ	নাসরুন	সাহায্য করা, বিজয় লাভ করা	আাল 'ইমরান-৩:১২৩
৬৫৮.	نَضْجٌ	নাদ্বজুন	পেকে যাওয়া, জ্বলে যাওয়া	আন নিসা-৪:৫৬
৬৫৯.	نَضْدٌ	নাদ্বদুন	স্তরে স্তরে হওয়া, ধাপে ধাপে থাকা	ক্বাফ্-৫০:১০
৬৬০.	نَطْقٌ	নাতকুন	কথা বলা, কথোপকথন করা	আল মু'মিনূন-২৩:৬২
৬৬১.	نَظْرٌ	নাজরুন	দেখা, ইশারা করা, মনোযোগ দেওয়া	আত তাওবাঃ-৯:১২৭
	اِنْتِظَارٌ	ইন্তিযারুন	অপেক্ষা করা, দেখতে থাকা	আল আহযাাব- ৩৩:২৩
৬৬২.	نَعْقٌ	না'কুন	চিৎকার করা, জোরে শব্দকরা	আল বাক্বারা- ২:১৭১
☆☆	اِنْعَامٌ	ইন'আমুন	অনুগ্রহকরা, নিয়ামত দানকরা	আন নিসা- ৪: ৬৯
৬৬৩.	اِنْغَاضٌ	ইনগাদুন	মাথা নাড়ানো	আল ইস্রা বা বানী ইস্রাাঈল-১৭:৫১
৬৬৪.	نَفْثٌ	নাফসুন	ঝাড়ফুক দেওয়া, যাদু করা	আল ফালাক্ব-১১৩:৪
৬৬৫.	نَفْخٌ	নাফখুন	ফুক দেওয়া	আস সাজ্দাঃ-৩২:৯
৬৬৬.	نَفَدٌ	নাফাদুন	শেষ হওয়া, ফুরিয়ে যাওয়া	আল কাহ্ফ-১৮:১০৯
৬৬৭.	نُفُوْذٌ	নুফুজুন	বের হওয়া, বাস্তবায়িত হওয়া	আর রাহ্মান-৫৫:৩৩
☆☆	نَفْرٌ	নাফরুন	চলে যাওয়া, পালিয়ে যাওয়া, বেরিয়ে পড়া	আত তাওবাঃ- ৯: ১২২
☆☆	تَنَفُّسٌ	তানাফফুসুন	শ্বাস গ্রহন করা	আত তাক্বীর-৮১:১৮
	تَنَافُسٌ	তানাফুসুন	প্রতিযোগিতা করা, প্রতিদ্বন্দ্বিতা করা	আল মুতাফ্ফিফীন-৮৩:২৬
৬৬৮.	نَفْشٌ	নাফশুন	রাতে বের হওয়া, রাতে খাওয়া	আল আম্বিয়াা-২১:৭৮

	نُفُوْشٌ	নুফুশুন	বিক্ষিপ্ত হওয়া, ধুনা	আল ক্বারি'আঃ-১০১:৫
৬৬৯.	نَفْعٌ	নাফউন	উপকারে আসা, কাজে আসা	আল আ'লাা-৮৭:৯
☆☆	اِنْفَاقٌ	ইনফাকুন	খরচকরা, ব্যয়করা	আন নাহ্‌ল- ১৮:৪৩
	نِفَاقٌ	নিফাকুন	কপটতা করা, মুনাফেকী করা, কথা ও কাজে গরমিল করা	আত তাওবাঃ- ৯: ৬৭
☆☆	نَفْلٌ	নাফলুন	অতিরিক্ত হওয়া, বেশি হওয়া	আল আন্‌ফাল-৮:১
৬৭০.	نَفْيٌ	নাফইউন	বহিস্কার করা, দেশ ত্যাগ করা	আল মায়িদা-৫:৩৩
☆☆	تَنْقِيْبٌ	তানকিবুন	ঘুরাফেরা করা, ঘুরা	আল কাহ্‌ফ-৫০:৩৬
৬৭১.	اِنْقَاذٌ	ইনকাযুন	বাচানো, উদ্ধার করা, মুক্ত করা	আাল 'ইমরান-৩:১০৩
☆☆	نَقْرٌ	নাক্বরুন	ফুক দেওয়া	আল মুদাছ্‌ছির-৭৪:৮
৬৭২.	نَقْصٌ	নাকসুন	অপুর্নাঙ্গ হওয়া, খাটো হওয়া, কম ও ত্রুটিপূর্ণ হওয়া	আল বাক্বারা-২:১৫৫
৬৭৩.	نَقْضٌ	নাকদ্বুন	ভেঙ্গে ফেলা, কেটে টুকরা টুকরা করা, বাঁকা করা, ভঙ্গ করাা	আন নাহ্‌ল-১৬:৯২
৬৭৪.	نَقْمٌ	নাকমুন	বিক্ষুদ্ধ হওয়া, অপছন্দ করা	আত তাওবাঃ-৯:৭৪
	اِنْتِقَامٌ	ইনতিক্বামুন	প্রতিশোধ নেওয়া, শাস্তি দেওয়া	আাল 'ইমরান-৩:৪
৬৭৫.	نَكْبٌ	নাকবুন	মুখফিরিয়ে নেওয়া, বাকা পথে চলা, পিছুটান দেওয়া	আল মু'মিনূন-২৩:৭৪
৬৭৬.	نَكْثٌ	নাকসুন	ভঙ্গ করা, ভাঙ্গা	আল ফাত্‌হ-৪৮:১০
৬৭৭.	نِكَاحٌ	নিকাহুন	বিবাহ করা, সহবাস করা	আল বাক্বারা-২:২৩৫
☆☆	نَكْرٌ	নাকরুন	অস্বীকার করা, অমনোযোগী হওয়া	হূদ-১১:৭০
☆☆	نَكْسٌ	নাকসুন	মাথা ঘুরিয়ে নেওয়া, উল্টামুখি করা	আল আম্বিয়াা-২১:৬৫
৬৭৮.	نَكْصٌ	নাকসুন	পিছনে ফিরে চলে যাওয়া	আল আন্‌ফাল-৮:৪৮
৬৭৯.	اِسْتِنْكَافٌ	ইস্তিনকাফুন	লজ্জা করা, দ্বিধা করা	আন নিসা-৪:১৭৩
☆☆	نَهْرٌ	নাহরুন	ধমক দেওয়া, নিষেধ করা	আল ইস্‌রা বা বানী ইস্‌রাাঈল-১৭:২৩
☆☆	نَهْيٌ	নাহইউন	নিষেধ করা, বাধা দেওয়া	আন নাাযি'আাত-৭৯:৪০
	اِنْتِهَاءٌ	ইনতিহাউন	বিরত থাকা, শেষ সীমা পযর্ন্ত পৌছা	আন নাজ্‌ম-৫৩:৪২
৬৮০.	نَوْءٌ	নাওউন	ভারী হওয়া, বোঝা হওয়া	আল ক্বাসাস্‌-২৮:৭৬
৬৮১.	اِنَابَةٌ	ইনাবাতুন	প্রত্যাবর্তন করা	আর রা'দ-১৩:২৭
৬৮২.	تَنَاوُشٌ	তানাউসুন	পাওয়া, নেওয়া	সাবাা-৩৪:৫২
৬৮৩.	نَوْصٌ	নাওসুন	পালিয়ে যাওয়া, ভেগে যাওয়া	সাাদ-৩৮:৩

৬৮৪.	نَوْمٌ	নাউমুন	ঘুমানো, নিদ্রা যাওয়া, শোয়া	আল বাক্বারা- ২: ২৫৫
৬৮৫.	نَيْلٌ	নাইলুন	পাওয়া, সফল হওয়া, উসুল হওয়া, নিয়ে যাওয়া, পৌছা	আত তাওবাঃ-৯:১২০

القانون الميسَّر: EASY RULES :সহজ নিয়ম-৩৮

ابْوَاب الثُّلاثِى الْمَزِيْد فِيْه مَع هَمْزَة الْوَصْل

দ্বিতীয় পদ্ধতি ঃ ابْوَاب الثُّلاثِى الْمَزِيْد فِيْه مَع هَمْزَة الْوَصْل

মূল অক্ষরের সাথে অতিরিক্ত অক্ষর যোগ হবে ও প্রথমে একটি همزة الوصل বা যের বিশিষ্ট একটি হামযা থাকবে। এ পদ্ধতির অধিনে অধিক ব্যবহৃত بـــَاب বাব তিনটি।

الباب الأول : প্রথম বাব

الافْتِعَال আল ইফতিআলু। বাবে ইফতিআ'ল

মূল مصدر হলো الاجْتِنَابُ বেচে থাকা, ত্যাগ করা, দূরে থাকা। এরূপ গঠনে, এ ওযনে এ আকৃতিতে যত فعل বা ক্রিয়া আসবে সে গুলো بـــَاب الافْتِعَال এর অন্তর্ভূক্ত হবে। যেমন ঃ الاغْتِسَالُ - গোসল করা, الاكْتِسَابُ - উপার্জন করা, الالْتِمَاسُ - তালাশ করা, الاخْتِبَارُ - পরীক্ষা করা ইত্যাদি। এ বাব চিনার উপায় হলো প্রথমে هَمْزَة الْوَصَل ও তার পরে فا كلمَة ও عين كلمة মধ্যে একটি অতিরিক্ত ت হবে।

الباب الثانى : দ্বিতীয় বাব

الاسْتِفْعَالُ - আল ইস্তিফ আলু। বাবে ইস্তিফআ'ল

মূল مَصْدَر হলো الاسْتِنْصَارُ - সাহায্য প্রার্থনা করা। এরূপ গঠনে, এ ওযনে এ আকৃতিতে যত فعل বা ক্রিয়া আসবে সে গুলো بـــَاب الاسْتِفْعَال এর অন্তর্ভূক্ত হবে। যেমন ঃ الاسْتِغْفَارُ - ক্ষমা প্রার্থনা করা, الاسْتِفْهَامُ - জানতে চাওয়া, জিজ্ঞাসা করা, الاسْتِمْرَارُ - অনবরত চলতে থাকা ইত্যাদি। এ বাব চিনার উপায় হলো প্রথমে هَمْزَة الْوَصَل ও তার পরে فا كلمَةএর পূর্বে ست হবে। এ বাবের মূল বৈশিষ্ট হলো প্রার্থনা করা বা চাওয়া।

البَاب الثَّالِثُ : তৃতীয় বাব

- الانْفِعَالُ - আল ইনফিআ'লু । বাবে ইনফিআ'ল

মূল مَصْدَر হলো الاِنْفِطَارُ - ফেটে যাওয়া, ভেঙ্গে যাওয়া। এরূপ গঠনে, এ ওযনে এ আকৃতিতে যত فعل বা ক্রিয়া আসবে সে গুলো بـــاب الاِنْفِعَالُ এর অন্তর্ভূক্ত হবে। যেমন ঃ الاِنْشِعَابُ - শাখা প্রশাখা বিশিষ্ট হওয়া, الاِنْقِلابُ - ফিরে যাওয়া, উল্টে যাওয়া, পরিবর্তিত হওয়া, রূপান্তরিত হওয়া, الاِنْكِشَافُ - খোলা ইত্যাদি। এ বাব চিনার উপায় হলো প্রথমে هَمْزَةُ الْوَصَل ও তার পরে كَلمَةْ فا এর পূর্বে একটি অতিরিক্ত ن হবে।

◈ এনিয়মের অধীনে আরও কিছু বাব রয়েছে। তবে সেগুলো তেমন ব্যবহার হয়না। যথাঃ

- الافْعِلالُ - মূল مَصْدَر হলো الاِحْمِرَارُ - লাল হওয়া।
- الافْعِيْلالُ - মূল مَصْدَر হলো الاِدْهِيْمَامُ - সোজা হওয়া, সঠিক হওয়া।
- الافْعِيْعَالُ - মূল مَصْدَر হলো الاِخْشِيْشَانُ - কঠিন হওয়া, কঠোর হওয়া, রূঢ় হওয়া।
- الافْعِوَّالُ - যথাঃ الاِخْرِوَّاطُ - কাঠ চিরা। এ বাবটি কোরআন শরীফে কোথাও ব্যবহার হয়নি।

التمرين: অনুশীলনী-৩৮

◈নিম্ন শব্দগুলোর بَاب (বাব) বলুন

يَنْقَلِبُ، اِجْتَنِبُوْا ، فَانْفَجَرَتْ ، مُسْتَقِيْمٌ ، يَسْتَخْلِفُوْنَ

৩৯তম ক্লাশ : اَلدَّرْسُ التَّاسِعُ وَ الثَّلاثُوْنَ

و				
৬৮৬.	وَادٌ	ওয়াদুন	জীবন্ত কবর দেওয়া	আত তাক্বীর-৮১:৮
৬৮৭.	وَالٌ	ওয়ালুন	প্রত্যাবর্তন করা, আশ্রয় খোজা	আল কাহ্ফ-১৮:৫৮
৬৮৮.	وَبَقٌ	ওবাকুন	ধবংস হওয়া	আল কাহ্ফ-১৮:৫২
☆☆	وَبُوْلٌ	উবুলুন	শাস্তি দেওয়া, ভয়ানক শাস্তি দেওয়া	আল মুয্যাম্মিল-৭৩:১৬
☆☆	وَتْرٌ	ওয়াতরুন	একের পর এক আসা, পরস্পর আসা	আল মু'মিনূন-২৩:৪৪
☆☆	وَثَاقَةٌ	ওসাকাতুন	শক্তিশালী হওয়া, নির্ভরযোগ্য হওয়া	আল বাক্বারা-২:২৫৬

	وُثُوق	উসুকুন	শক্ত প্রতিশ্রুতি নেওয়া, চুক্তি করা	য়ূসুফ-১২:৬৬
৬৮৯.	وَجَبَةٌ	ওয়াবাতুন	পতিত হওয়া, মরে যাওয়া, পড়া	আল হাজ্জ্-২২:৩৬
☆☆	وَجُوْدٌ	উযুদুন	পাওয়া	আাল 'ইমরান-৩:৩৭
৬৯০.	اِيْجَاسٌ	ঈজাসুন	ধারনাকরা, ঘাবড়ে যাওয়া	হূদ- ১১ : ৭০
৬৯১.	اِيْجَافٌ	ঈজাফুন	ভয় দেখানো, দ্রুত ফিরানো	আল হাশ্র- ৫৯: ৬
	وَجْفٌ	ওয়াজফুন	ভয় পাওয়া, কাপা	আন নাাযি'আাত-৭৯:৮
৬৯২.	وَجْلٌ	ওয়াজলুন	ভয় পাওয়া, ভীত হওয়া	আল আন্ফাল-৮: ২
☆☆	تَوْجِيْهٌ	তাউজীহুন	মনযোগী হওয়া, দিকনির্দেশনা দেওয়া, মুখ ফিরানো	আল আন'আাম-৬:৭৯
☆☆	اِيْحَاءٌ	ইহাউন	ওহী পাঠানো, প্রত্যাদেশ পাঠানো, অনুপ্রেরনা দেওয়া	ইব্রাাহীম-১৪:১৩
☆☆	مَوَدَّةٌ	মাওয়াদ্দাতুন	চাওয়া, পছন্দ করা, ভালবাসা, আশাকরা	আল বাক্বারা-২:১০৯
৬৯৩.	تَوْدِيْعٌ	তাউদীউন	ছেড়ে দেওয়া, বিদায় করা, বিচ্ছিন্ন করা	আদ দুহাা-৯৩:৩
	اِسْتِيْدَاعٌ	ইস্তীদা'উন	আমানত রাখা, জমা রাখা, সংরক্ষন করা	আল আন'আাম-৬:৯৮
৬৯৪.	وَذْرٌ	ওয়াযনুন	ছেড়ে দেওয়া	আল আ'রাাফ-৭:১২৭
☆☆	وِرَاثَةٌ	ওইরাসাতুন	ওয়ারিশ হওয়া, স্থলাভিষিক্ত হওয়া	আন নাম্ল-২৭:১৬
☆☆	وُرُوْدٌ	উরুদুন	আগমন করা, পৌছা, পানির কাছে আসা	আল ক্বাসাস্-২৮:২৩
☆☆	مُوَارَاةٌ	মুয়ারাতুন	গোপন করা, আড়াল করা	আল মায়িদা-৫:৩১
	مُوْرِيَاتٌ	মুরিবাতুন	পাথর থেকে অগ্নি বের করা	আল 'আাদিয়াাত-১০০:২
☆☆	وِزْرٌ	ওয়াযরুন	বোঝা বহনকরা, পাপ বহনকরা	আল আন'আাম- ৬:১৬৪
	وَزَرٌ	ওয়াযারুন	বাচানো, মুক্তি দেওয়া	আল ক্বিয়াামাঃ-৭৫:১১
৬৯৫.	اِيْزَاعٌ	ঈযা'উন	তাওফীক দেওয়া, ভাগ্যে রাখা	আন নাম্ল- ২৭:১৯
	وَزْعٌ	ওয়ায'উন	একত্রিতকরা, রুখে দাড়ানো	আন নাম্ল- ২৭: ১৭
☆☆	وَزْنٌ	ওয়াজনুন	ওজন করা, পরিমাপ করা	আর রাহ্মান-৫৫:৯
☆☆	وَسْطٌ	ওয়াসতুন	মধ্যে প্রবেশ করা, ঢুকে পড়া	আল 'আাদিয়াাত-১০০:৫
☆☆	وَسْعٌ	ওয়াস'উন	প্রসারিত হওয়া, বিস্তৃত হওয়া	আল বাক্বারা-২:২৫৫
	اِيْسَاعٌ	ইসাউন	ধনী হওয়া, বিত্তশালী হওয়া	আয যাারিয়াাত-৫১:৪৭
৬৯৬.	وَسْقٌ	ওয়াসকুন	আচ্ছন্ন করা, ঢেকে দেওয়া	আল ইন্শিক্বাক-৮৪:১৭

৬৯৭.	وَسْمٌ	ওয়াসমুন	দাগ দেওয়া, চিহ্ন দেওয়া	আল ক্বালাম-৬৮:১৬
৬৯৮.	وَسْوَسَةٌ	ওসওসাতুন	কুমন্ত্রনা দেওয়া, খারাপ ধারনা সৃষ্টি করা	আল আ'রাাফ-৭:২০
৬৯৯.	وُصُوْبٌ	উসুবুন	অবিরাম চলা, বিরামহীন চলা, স্থায়ী হওয়া	আন নাহ্‌ল-১৬:৫২
☆☆	إِيْصَادٌ	ইসাদুন	ঘিরে রাখা, পরিবেষ্টন করা	আল হুমাযাঃ-১০৪:৮
৭০০.	وَصْفٌ	ওয়াসফুন	গুনাগুনকরা, বর্ণনা করা	আল আন'আাম-৬:১৩৯
☆☆	وُصُوْلٌ	উছূলুন	পৌছানো, প্রসারিত করা	হূদ-১১: ৭০
	تَوْصِيْلٌ	তাওসিলুন	স্পষ্ট বর্ণনা করা, মিলন ঘটা	আল ক্বাসাস্‌-২৮:৫১
৭০১.	وَاصِيَّةٌ	তাওসিয়াতুন	ওসিয়ত করা, হুকুম করা	আল বাক্বারা-২:১৩২
৭০২.	وَضْعٌ	ওয়াদ্বউন	রাখা, প্রতিস্থাপন করা, প্রসব করা, নামিয়ে দেওয়া	আর রাহ্‌মান-৫৫:৭
৭০৩.	وَضْنٌ	ওয়াদ্বনুন	স্বর্ন খচিত হওয়া, মুক্তা দিয়ে জড়ানো	আল ওয়াাক্বি'আঃ-৫৬:১৫
৭০৪.	وَطْأٌ	ওয়াতউন	পদদলিত করা, যুলুম করা, দাড়াতে না দেওয়া	আল মুয্‌যাম্‌মিল-৭৩:৬
৭০৫.	وَعْدٌ	ওয়া'দুন	ওয়াদা করা, স্বীকৃতি দেওয়া, প্রতিজ্ঞা করা	আন নিসা-৪:৯৫
৭০৬.	وَعْظٌ	ওয়া'জুন	উপদেশ দেওয়া, নসিহত করা	আল বাক্বারা-২:২৩২
☆☆	وَعْيٌ	ওয়া'ইউন	স্মরণ করা, সংরক্ষণ করা	আল হাাক্বক্বাঃ-৬৯:১২
	إِيْعَاءٌ	ইআউন	লক্ষ্য রাখা, দৃষ্টি রাখা	আল মা'আরিজ-৭০:১৮
৭০৭.	وَفْرٌ	ওয়াফরুন	পরিপূর্ন হওয়া, পূর্ণ হওয়া	আল ইস্‌রা বা বানী ইস্‌রাাঈল-১৭:৩৬
৭০৮.	إِفَاضَةٌ	ইফাদাতুন	দৌড়ানো	আল মা'আরিজ-৭০:৪৩
৭০৯.	تَوْفِيْقٌ	তাওফিকুন	সামর্থ থাকা, সক্ষম হওয়া, অনুকুল আবস্থা সৃষ্টি করা, তাওফীক দেওয়া	হূদ-১১:৮৮
	وِفَاقٌ	উফাকুন	পূর্ণ হওয়া, পুরোপুরি হওয়া	আন নাবাা-৭৮:২৬
৭১০.	تَوْفِيَةٌ	তাওফিয়াতুন	পুরাপুরি দেওয়া, পূর্ন করা	আাল 'ইমরান-৩:২৫
	تَوَفِّي	তাওয়াফ্‌ফিউন	রুহ কবজ করা, উঠিয়ে নেয়া	আল আন'আাম- ৬:৬১
৭১১.	وُقُوْبٌ	উক্বুবুন	অস্তমিত হওয়া, আচ্ছন্ন হওয়া, আড়ালে চলে যাওয়া	আল ফালাক্ব- ১১৩: ৩
☆☆	تَوْقِيْتٌ	তাউক্বীতুন	সময় নির্ধারন করা	আল মুরসালাাত-৭৭:১১
☆☆	تَوْقِيْرٌ	তাওকিরুন	সম্মান করা	আল ফাত্‌হ-৪৮: ৯

☆☆	اِيْقَادٌ	ঈক্বাদুন	আগুন জ্বালানো	আল মায়িদা-৫:৬৪
	وَقْدٌ	ওয়াক্বদুন	আঘাত পেয়ে মৃত্যুবরন করা	আল মায়িদা- ৫: ৩
☆☆	وَقْعٌ	ওয়াকউন	সংগঠিত হওয়া, পতিত হওয়া, ঘটা	আন নিসা-৪:১০০
৭১২.	وَقْفٌ	ওয়াকফুন	থামা, বাধা দেওয়া, দাড় করা	আল আন'আম-৬: ২৭
৭১৩.	وَقَايَةٌ	ওকাইয়াতুন	বাচিয়ে রাখা, নিরাপদে রাখা, রক্ষাকরা	গাফির বা আল মু'মিন-৪০:৪৫
	اِتِّقَاءٌ	ইত্তিক্বাউন	ভয়করা, বেচে থাকা	আল বাক্বারা- ২: ১৮৯
৭১৪.	اِتِّكَاءٌ	ইত্তিকাউন	ঠেসদিয়ে বসা, হেলান দিয়ে বসা	য়ূসুফ- ১২:৩১
৭১৫.	تَوْكِيْدٌ	তাওকিদুন	মজবুত হওয়া, শক্তিশালী হওয়া	আন নাহ্ল-১৬:৯১
৭১৬.	وَكْزٌ	ওয়াকযুন	ঘুষি মারা, কিল দেওয়া	আল ক্বাসাস্-২৮:১৫
৭১৭.	تَوْكِيْلٌ	তাওকিলুন	উকিল বানানো, অভিভাবক বানানো	আল আন'আম-৬:৮৯
	تَوَكُّلٌ	তাওয়াক্কুলুন	ভরসা করা, তাওয়াক্কুল করা	আত তাওবাঃ- ৯:১২৯
☆☆	وُلُوْجٌ	উলুজুন	প্রবেশকরা, ঢোকা	আল আ'রাফ-৭:৪০
	اِيْلَاجٌ	ঈলাজুন	প্রবেশ করানো, ঢুকানো	আল 'ইমরান-৩:২৭
৭১৮.	وِلَادَةٌ	উইলাদাতুন	জন্মদেওয়া, প্রসবকরা	মার্য়াম-১৯:১৫
৭১৯.	وَلْيٌ	ওয়ালয়ুন	কাছে হওয়া, সিকটবর্তী হওয়া	আত তাওবাঃ- ৯: ১২৩
	تَوْلِيَةٌ	তাওলিয়াতুন	মুখ ফিরানো	আল বাক্বারা-২:১৪২
৭২০.	وَنْيٌ	ওয়ানয়ুন	ত্রুটিকরা, অলসতা করা	ত্বাহা- ২০: ৪২
৭২১.	وَهَبٌ	ওয়াহাবুন	দানকরা, দেওয়া	ইব্রাহীম- ১৪:৩৯
৭২২.	وَهْنٌ	ওয়াহনুন	অক্ষম হওয়া, দূর্বল হওয়া	মার্য়াম-১৯:৪
৭২৩.	وَهْيٌ	ওয়াহইউন	অলসতা করা	আল হাক্বক্বাঃ-৬৯:১৬

القانون الميسَّر: EASY RULES :সহজ নিয়ম-৩৯

اَبْوَاب الثُّلاثِى الْمَزِيْد فِيْه بِغَيْرِ هَمْزَةِ الْوَصْلِ

তৃতীয় পদ্ধতি ঃ ابْوَاب الثُّلاثِى الْمَزِيْد فِيْه بِغَيْرِ هَمْزَةِ الْوَصْلِ

الثُّلاثِى الْمَزِيْد فِيْه بِغَيْرِ هَمْزَةِ الْوَصْلِ হলো মূল অক্ষরের সাথে অতিরিক্ত অক্ষর যোগ হবে তবে প্রথমে هَمْزَةُ الْوَصْلِ বা যের বিশিষ্ট হামযা থাকবে না।

এ পদ্ধতির অধীনে মোট পাঁচটি বাব রয়েছে।

الباب الأول : প্রথম বাব الافْعَالُ - আল ইফআ'লু । বাবে ইফআ'ল

মূল مَصْدَر হলো الاكْرَامُ - সম্মান করা। এরূপ গঠনে, এ ওযনে এ আকৃতিতে যত **فعل** বা ক্রিয়া আসবে সে গুলো **بـــاب الافْعَالُ** এর অন্তর্ভূক্ত হবে। যেমন ঃ الاِسْلَامُ - মুসলমান হওয়া, الاِخْرَاجُ - বের করে দেওয়া, الاِحْضَارُ - উপস্থিত করা, الاِرْسَالُ - পাঠানো ইত্যাদি।

الباب الثانى : দ্বিতীয় বাব التَّفْعِيْلُ - আত্ তাফঈ'লু। বাবে তাফঈ'ল

মূল مَصْدَر হলো التَّصْرِيْفُ - পরিবর্তন করা, রূপান্তরিত করা। এরূপ গঠনে, এ ওযনে এ আকৃতিতে যত **فعل** বা ক্রিয়া আসবে সে গুলো **بـــاب التَّفْعِيْلُ** এর অন্তর্ভূক্ত হবে। যেমন ঃ التَّصْدِيْقُ - সত্যবলে মেনে নেয়া, বিশ্বাস করা, التَّبْدِيْلُ - পরিবর্তন করা, التَّبْلِيْغُ - পৌছে দেওয়া, التَّبْذِيْرُ - অপচয় করা ইত্যাদি।

اَلبَاب الثَّالِثُ : তৃতীয় বাব

التَّفعُّلُ - আত্ তাফা'উলু। বাবে তাফা'উল।

মূল مَصْدَر হলো الانْفِطَارُ - ফেটে যাওয়া। এরূপ গঠনে, এ ওযনে এ আকৃতিতে যত **فعل** বা ক্রিয়া আসবে সে গুলো **بـــاب التَّفَعُّل** এর অন্তর্ভূক্ত হবে। যেমন ঃ التَّبَسُّمُ - মুচকি হাসা, التَّعَلُّمُ - শিক্ষা অর্জন করা, التَّزَوُّجُ - বিবাহ করা, التَّقَرُّبُ - নৈকট্ট অর্জন করা, التَّـــأَمُّلُ - চিন্তা করা ইত্যাদি।

الباب الرَّابع : চতুর্থ বাব

الْمُفَاعَلَةُ - আল মুফা'আলাতু। বাবে মুফা'আলা

মূল مَصْدَر হলো الْمُقَاتَلَةُ و الْقِتَالُ - পরস্পর যুদ্ধকরা। এরূপ গঠনে, এ ওযনে এ আকৃতিতে যত **فعل** বা ক্রিয়া আসবে সে গুলো **بـــاب الْمُفَاعَلَةُ** এর অন্তর্ভূক্ত হবে। যথাঃ الْمُعَاقَبَةُ و الْعِقَابُ - শাস্তি দেওয়া, الْمُجَادَلَةُ و الْجِدَالُ - পারস্পরিক ঝগড়া করা, الْمُسَابَقَةُ و السِّبَاقُ - প্রতিযোগিতা করা, الْمُشَاوَرَةُ - পরামর্শ করা, الْمُعَامَلَةُ - লেনদেন করা ইত্যাদি। এ বাবের মূল বৈশিষ্ট হলো الْمُشَارَكَـــةُ পরস্পর শরীক হয়ে কাজ করা। অর্থাৎ فَاعِل ও مَفْعُوْل উভয়ে একই কাজের মধ্যে অন্তর্ভুক্ত থাকবে। যথাঃ شَاوَرَ الْمُسْلِمُوْنَ الْكُفَّارَ- মুসলমানগন কাফিরদের সঙ্গে পরামর্শ করেছে। এ বাক্যে الْمُسْلِمُون হলো فَاعِل আর الْكُفَّار হলো مَفْعُول উভয়ে একই কাজের মধ্যে জড়িত আছে।

الباب الْخَامس : পঞ্চম বাব

اَلتَّفَاعُلُ - আত্ তাফাউলু। বাবে তাফাউল

মূল مَصْدَر হলো اَلتَّقَابُلُ - পরস্পর মুখমুখি হওয়া । এরূপ গঠনে, এ ওযনে এ আকৃতিতে যত فعل বা ক্রিয়া আসবে সে গুলো بــَاب التَّفَاعُلُ এর অন্তর্ভূক্ত হবে। যেমন ঃ اَلتَّعَارُفُ - পরস্পর পরিচিত হওয়া, اَلتَّرَاحُمُ - পরস্পর দয়া করা, اَلتَّفَاهُمُ - পরস্পর সমঝোতায় আসা, اَلتَّعَاوُنُ - পরস্পর সহযোগিতা করা, ইত্যাদি। এ বাবের মূল বৈশিষ্ট হলো اَلْمُشَارِكَــةُ - বা فَاعِل ও مَفْعُوْل একই কাজে শরীক হওয়া এবং تَكَلُّف বা কৃত্রিমতা অবলম্বন করা বা রূপক ভাবে কোন কিছু করা বা ভান করা। যথাঃ اَلتَّمَارُضُ - রোগের ভান করা ।

আর رُبَاعِى থেকে মাত্র একটি বাব ব্যবহৃত হয়। আর তা হলো اَلْفَعْلَلَةُ - আল ফা'লালাতু বা বাবে ফা'লালা । এ বাবের মূল مصدر হলো اَلْبَعْثَرَةُ - ছড়িয়ে দেওয়া, বিক্ষিপ্ত করা, খনন করে উঠানো। এরূপ গঠনে, এ ওযনে এ আকৃতিতে যত فعل বা ক্রিয়া আসবে সে গুলো بــَاب الْفَعْلَلَةُ এর অন্তর্ভূক্ত হবে। যেমন ঃ اَلْعَسْكَرَةُ - সৈন্য তৈরীকরা, اَلزَّلْزَلَةُ - নাড়া দেওয়া, কম্পন সৃষ্টি করা ইত্যাদি।

التمرين: অনুশীলনী-৩৯

◈নিম্ন শব্দগুলোর بَاب (বাব) বলুন

مُسْلِمٌ ، بَلِّغْ ، يُرْسِلُ ، يُخَادِعُوْنَ ، مَنَافِقُوْنَ ، اَدْرَكَ ، تَتَمَيَّزُ ،

الدَّرْسُ الأَرْبَعُوْنَ : ৪০তম ক্লাশ

هـ				
৭২৪.	هَاؤُمُ	হাউমুন	দেখা, লওয়া, ধরা	আল হাক্কক্বাঃ- ৬৯:১৯
৭২৫.	هَاتٌ	হাতুন	লওয়া, আনা, উপস্থাপন করা	আল বাক্বারা- ২:১১১
৭২৬.	هُبُوْطٌ	হুবুতুন	নেমে যাওয়া, বের হওয়া	আল আ'রাফ- ৭:১৩
৭২৭.	تَهَجُّدٌ	তাহজ্জুদুন	রাত্রি জাগরণ করা, তাহাজ্জুদের নামাজ পড়া	আল ইস্রা বা বানী ইস্রাঈল- ১৭:৭৯

৭২৮.	هَجْرٌ	হাজরুন	ছেড়ে দেওয়া, বেহুদা কথা বলা, পৃথক হওয়া	আল মু'মিনূন- ২৩:৬৭
৭২৯.	مُهَاجَرَةٌ	মুহাজারাতুন	হিজ্‌রত করা, ত্যাগ করা	আল বাক্বারা- ২:২১৮
৭৩০.	هُجُوْعٌ	হুজুউন	শুয়ে পড়া, ঘুমানো	আয যারিয়াাত- ৫১:১৭
৭৩১.	هَدٌّ	হাদ্দুন	টুকরা টুকরা হওয়া, রেনু রেনু হওয়া	মার্‌য়াম- ১৯:৯০
৭৩২.	تَهْدِيْمٌ	তাহদিয়াতুন	চুরমার করা, ধসিয়ে দেওয়া, ধ্বংস করা	আল হাজ্জ্‌-২২:৪০
☆☆	هِدَايَةٌ	হিদাইয়াতুন	পথ দেখানো, হেদায়াত করা	আল বাক্বারা-২:১৪৩
৭৩৩.	هَرْبٌ	হারবুন	পলায়ন করা, দৌড়ানো, ভেঙ্গে যাওয়া	আল জিন্ন-৭২:১২
৭৩৪.	اِهْرَاعٌ	ইহরাউন	ভয় দেখানো, দৌড়ে পালানো, তাড়াতাড়ি আসা	হূদ-১১:৭৮
৭৩৫.	اِسْتِهْزَاءٌ	ইস্তিহযাউন	ঠাট্টা করা, বিদ্রুপ করা	আল বাক্বারা- ২:১৫
	هُزُوٌ	হুযুউন	হাঁসি তামাসা করা, ঠাট্টা করা	আল বাক্বারা-২:৬৭
৭৩৬.	هَزٌّ	হায্‌যুন	নাড়া দেওয়া, ঝাকি দেওয়া	মার্‌য়াম-১৯:২৫
৭৩৭.	هَزْمٌ	হাযমুন	পরাজিত করা, হারানো	আল বাক্বারা-২:২৫১
৭৩৮.	هُشٌّ	হুশ্‌শুন	পাতা পাড়া, নাড়াচাড়া দেওয়া	ত্মাহা-২০:১৮
☆☆	هَضْمٌ	হাদ্বমুন	অধিকার ক্ষুন্ন করা, খর্ব করা, যুলুম করা	ত্মাহা-২০:১১২
৭৩৯.	اِهْطَاعٌ	ইহত্বাউন	দৌড়ে আসা, দ্রুত চলা	ইব্‌রাহীম-১৪:৪৩
৭৪০.	هُلُوْعٌ	হুলুউন	ধৈর্য্যহীন হওয়া, লোভী হওয়া	আল মা'আরিজ-৭০:১৯
৭৪১.	هَلْكٌ	হালকুন	ধবংস করা, মারা যাওয়া	আন নিসা-৪:১৭৬
☆☆	اِهْلَالٌ	ইহলালুন	ডাকা, আহ্বান করা, চিৎকার করা, উৎসর্গ করা, জবাই করা	আল বাক্বারা-২:১৭৩
৭৪২.	هَلُمَّ	হালুম্মুন	আশা, উপস্থিত করা	আল আন'আম-৬:১৫০
৭৪৩.	اِنْهِمَارٌ	ইনহিমারুন	মুষলধারে বর্ষন হওয়া, বৃষ্টি হওয়া	আল ক্বামার-৫৪:১১
☆☆	هَمْزٌ	হামযুন	খারাপ ধারণা করা, অপবাদ দেওয়া, দোষ লেপন করা	আল হুমাযাঃ-১০৪:১
৭৪৪.	هَمٌّ	হাম্মুন	ইচ্ছা করা, সংকল্প করা, সাহস করা	আল মায়িদা-৫:১১
	اِهْمَامٌ	ইহমামুন	চিন্তিত করা, চিন্তায় ফেলা	আাল 'ইমরান-৩:১৫৪
৭৪৫.	هَنَاءٌ	হানাউন	আস্বাদন করা, আনন্দে থাকা, তৃপ্ত হওয়া	আন নিসা-৪:৪
☆☆	هَوْدٌ	হাওদুন	ফিরে আসা, তওবা করা	আল আ'রাফ-৭:১৫৬

৭৪৬.	اِنْهِيَارٌ	ইনহিয়ারুন	পানি বা রক্ত প্রবাহিত হওয়া	আত তাওবাঃ-৯:১০৯
	هَوْرٌ	হাওরুন	ধসে পড়া, বিলুপ্ত হওয়া	আত তাওবাঃ-৯:১০৯
☆☆	اِهَانَةٌ	ইহানাতুন	অপমান করা, লাঞ্চিত করা	আল ফাজ্‌র-৮৯:১৬
	هَوْنٌ	হাওনুন	অপমানিত, লাঞ্চিত হওয়া	আল আন'আম-৬:৯৩
৭৪৭.	هَوَى	হাওয়া	কামনা করা, চাওয়া, পতিত হওয়া, ধ্বংস হওয়া	ত্বাহা- ২০:৮১
৭৪৮.	تَهْيِئَةٌ	তাহইয়াতুন	ঠিক করা, তৈরী করা, ব্যবস্থা করা	আল কাহ্‌ফ-১৮:১০
	هَيْتٌ	হাইতুন	দ্রুত আসা, চলে আসা	য়ূসুফ-১২:২৩
৭৪৯.	هَيْجٌ	হাইজুন	শুকনো হওয়া, শক্তিশালী হওয়া	আয যুমার-৩৯:২১
☆☆	هَيْمٌ	হাইমুন	ঘুরে বেড়ানো	আশ শু'আরাা-২৬:২২৫
৭৫০.	هَيْهَاتَ	হাইহাতা	দূর হলো	আল মু'মিনূন- ২৩:৩৬
ى				
৭৫১.	يَأْسٌ	ইয়া'সুন	নিরাশ হওয়া, হতাশ হওয়া	আল মায়িদা-৫:৩
৭৫২.	يَبْسٌ	ইয়াবসুন	শুষ্ক হওয়া, শুকনো হওয়া	ত্বাহা-২০:৭৭
☆☆	تَيْسِيْرٌ	তাইসীরুন	সহজ করা, আসান করা, সুগম করা	আল ক্বামার-৫৪:১৭
৭৫৩.	يَقْظٌ	ইয়াকজুন	জাগ্রত করা, জাগানো	আল কাহ্‌ফ-১৮:১৮
☆☆	اِيْقَانٌ	ইকানুন	বিশ্বাস রাখা, দৃঢ় প্রত্যয় রাখা, সত্যায়ন করা	আল বাক্বারা-২:৪
৭৫৪.	تَيَمُّمٌ	তায়াম্মুমুন	ইচ্ছাপোষন করা, তায়াম্মুম করা	আল বাক্বারা- ২:৬৭
৭৫৫.	أَيْمَانٌ	আইমানুন	শপথ করা, কসম করা	আল মায়িদা- ৫:৮৯
৭৫৬.	يَنْعٌ	ইয়ানউন	পেকে যাওয়া, পরিপক্ক হওয়া	আল আন'আম-৬:৯৯

القانون الميسَّر: EASY RULES

আল-কুরআনের আলোকে গবেষণামূলক বই লেখার নিয়মাবলী

আল-কুরআনের প্রতিটি মৌলিক শব্দ দ্বারা এক একটি গবেষণামূলক বই লেখা যাবে। আপনি একটি শব্দ বেছে নিন। শব্দটি যে যে আয়াতে আছে সে সকল আয়াতগুলেকে একত্রিত করে এক স্থানে তালিকা আকারে সাজাতে হবে। এ ক্ষেত্রে বর্তমানে আল-কুরআনের শব্দের উপর অনেক আরবী ও বাংলা অভিধান পাওয়া যায়, যে গুলো থেকে সহায়তা নেয়া যেতে পারে। তারপর আয়াত গুলোর অর্থ জেনে নিতে হবে। উক্ত অর্থ উপর গবেষণা করে সে আলোকে একটি সুন্দর পরিকল্পনা দাড় করাতে হবে। আয়াত গুলোর আলোকে কি কি শিরোনামের উপর বইটি লেখা হবে তা পরিকল্পনা মাফিক সূচী পত্র আকারে সাজিয়ে ফেলতে হবে। প্রতিটি শিরোনামই এক বা একাধিক আয়াতের আলোকে হতে হবে । এভাবে সাজায়ে লিখলে বহু বইলেখা যাবে । এর সাথে বিষয়ভেদে বহু বই এর সহায়তা নেওয়া যেতে পারে । তবে সেগুলোর তথ্য নির্দেশিকা প্রদান করতে হবে। প্রতিটি কাজের সম্পাাদনা করার কিছু নিয়ম রয়েছে। গবেষনা মূলক প্রবন্দ ও বই লেখার বিশেষ নিয়মাবলী রয়েছে। নিম্নে এ মর্মে সংক্ষিপ্ত তথ্য প্রদান করা হলো।

তথ্য নির্দেশিকা :

গবেষণায় তথ্য নির্দেশিকার গুরুত্ব অপরিসীম। বাংলা, আরবী ও ইংরেজী যে কোন ভাষায়ই গবেষণা কর্ম সম্পাদন করা হোক না কেন সঠিক পদ্ধতিতে তথ্য নির্দ্যেশ প্রদান অপবিহার্য। তথ্য নির্দেশ লেখার প্রচলিত নিয়ম অনুসরন না করা হলে গবেষণা কর্মটি অসম্পূর্ণ হবে। তাই তথ্য নির্দেশিকা প্রদানের প্রচলিত রীতির অনুসরনের মাধ্যমে গবেষণা কর্মে তথ্য নির্দেশ প্রদান করা আব্যশ্যক।

নিম্নে গবেষণা কর্মের তথ্য নির্দেশ প্রদানের প্রচলিত রীতির কতিপয় নমুনা পেশ করা হলো :

আল-কুরআনঃ

গবেষণা কর্মে পবিত্র কুরআনের আয়াত উদ্ধৃত করলে নিম্নোক্ত নিয়ম অনুসরণ অতি উত্তম।

১.আল-কুরআন:২(আল বাক্বারা):২০৫।

২.অথবা, আল-কুরআন-২:২০৬।

৩.অথবা, সূরা আল বাক্বারা- ১৮৫। প্রথমটিই সর্বোত্তম।

:

হাদীসঃ

হাদীসের উদ্ধৃতি গবেষণায় উল্লেখ করলে নিম্নোক্ত ভাবে তথ্য নির্দেশ প্রদান করতে হবে।

১. মুহাম্মাদ ইসমাঈল আল-বুখারী, আল-জামে আস-সহীহ, ২য় খন্ড (বৈরুত : দারুল ফিকার, প্রথম সংস্করন (১৯৮৫ইং), কিতাবুল অহী, হাদীস নং-২।

২. অথবা, হাদীসের নম্বর উল্লেখ করতে না পারলে পৃষ্ঠা নং উল্লেখ করতে হবে।

৩. একই হাদীস গ্রন্থ থেকে একাধিক হাদীস পরপর উল্লেখ করলে প্রাগুক্ত, হাদীস নং-/ পৃষ্ঠা নং- উল্লেখ করতে হবে। আর যদি ভিন্ন ভিন্ন স্থানে হাদীস উল্লেখ করা হয় সে ক্ষেত্রে লেখকের নাম, প্রাগুক্ত, হাদীস নং-/ পৃষ্ঠা নং- লিখতে হবে।

৪, শেষে হাদীসের মান উল্লেখ করা আবশ্যক।

অন্যন্য গ্রন্থ

কুরআন ও হাদীস ভিন্ন অন্য কোন গ্রন্থ থেকে উদ্ধৃতি দিলে নিম্নোক্ত ভাবে তথ্য নির্দেশ প্রদান করতে হবে:

* লেখকের নাম, গ্রন্থের নাম, খন্ড(প্রকাশনার স্থান, প্রকাশনা সংস্থার নাম, সংস্করণ, প্রকাশকাল), পৃষ্ঠা নং লিখতে হবে। যদি প্রকাশকাল না থাকে তাহলে তা.বি. লিখতে হবে।

* একই গ্রন্থের একাধিক উদ্ধৃতি পরপর ব্যবহার করলে প্রাগুক্ত, পৃষ্ঠা নং উল্লেখ করাই যথেষ্ঠ হবে। আর যদি পরপর না

হয়ে ভিন্ন ভিন্ন স্থানে হয় তাহলে প্রাগুক্ত, পৃষ্ঠা নং- এভাবে লিখতে হবে।

* একই লেখকের একাধিক গ্রন্থের উদ্ধৃতি দেয়া হলে প্রতিটি গ্রন্থের প্রথমবার উল্লেখের সময় লেখকের নাম, গ্রন্থের নামসহ ইতোপূর্বে উল্লেখিত নিয়মে লিখতে হবে। দ্বিতীয় বার উদ্ধৃতি দিলে লেখকের নাম ও গ্রন্থের নাম, পৃষ্ঠা নং- উল্লেখ করতে হবে। আর যদি পরপর উদ্ধৃতি দেয়া হয় তাহলে প্রাগুক্ত, পৃষ্ঠা নং উল্লেখ করাই যথেষ্ঠ।
* অনুবাদ গ্রন্থের ক্ষেত্রে মূল লেখকের নাম, অনুবাদকের নাম, গ্রন্থের নাম এবং পূর্বে উল্লেখিত নিয়মানুযায়ী লিখতে হবে।
* গ্রন্থের নামটি সব সময় ইটালিক বোল্ড করে টাইপ করতে হবে।
* গবেষণা জার্নাল,পত্রিকার উদ্ধৃতি গবেষণা কর্মে ব্যবহার করলে নিম্নোক্ত ভাবে তথ্য নির্দেশ প্রদান করতে হবে:
* গবেষণা জার্নালেব প্রবন্ধ হলে যেমন- ড. মোঃ মঈনুল হক, "আল-কুরআনের কতিপয় আয়াতের তাফসীর এবং বর্তমান বৈজ্ঞানিক বাস্তবতা-একটি পর্যালোচনা" দি ইসলামিক ইউনিভাসিটি স্টাডিজ, পার্ট-এ, ভলিউম-৯, সংখ্যা-২, জুন/২০০১ইং, পৃষ্ঠা নং-১৭। এভাবে উল্লেখ করতে হবে।
* পত্রিকায় প্রকাশিত প্রবন্ধের ক্ষেত্রে যেমন- মোঃ আজিজুর রহমান,"বিশ্বায়নের ভার পৃথিবী সইতে পারছে না", (ঢাকা: দৈনিক ইনকিলাব, ১২ সেপ্টেম্বর/২০০৪ইং), পৃষ্ঠা নং-৯।
* প্রকাশিত গবেষণা কর্ম (এম.ফিল/পিএইচ.ডি) থেকে উদ্ধৃতি দিলে শিরোনাম লেখার সময় একটি কমা ব্যবহার করতে হবে। যেমন- মোঃ আব্দুল বারিক, 'আল-কুরআনের বৈজ্ঞানিক সূত্র- একটি পর্যালোচনা', এম.ফিল গবেষণা কর্ম, ২০০৪ইং পৃষ্ঠা নং-১৭৮।

গবেষণায় ব্যবহৃত শব্দ সংক্ষেপ:

গবেষণার গবেষককে কতিপয় স্বীকৃত নিয়ম, কানুন অনুসরণ করে গবেষণা কার্য পরিচাকলনা করতে হয়। তবে একট কথা মনে রাখতে হবে সব নিয়মই স্বত:সিদ্ধ, সার্বজনীন বা সর্বজনীন নয়, সে ক্ষেত্রে গবেষককে তার গবেষণা কর্মের শুরু থেকে শেষ পর্যন্ত যে কোন নিয়মকে একই ভাবে ব্যবহার করতে হবে। একেক পৃষ্ঠায় একেক রকম বা ভিন্ন ভিন্ন অধ্যায় গিয়ে নিয়মের পরিবর্তন করা যাবে না। এটা গবেষণা নিয়মের পরিপন্থি। এভাবে শব্দ সংক্ষেপের কিছু নিয়ম রয়েছে যা অনুসরনীয়, তবে গবেষক ইচ্ছা করলে এবং অধিক যুক্তি যুক্ত মনে হলে নিজস্ব কোন পদ্ধতি আবিষ্কার এবং তা ব্যবহার করতে পারবেন। সে ক্ষেত্রে শুরুতে তা বলে দেয়া প্রয়োজন।

গবেষণা কর্মের একটি শব্দ সংক্ষেপের নমুনা নিম্নে তুলে ধরা হলো:

আ.- আলাইহিস্ সালাম। রা.- রাদ্বিয়াল্লাহু আনহুর.- রাহিমাহুল্লাহু / রাহমাতুল্লাহি আলাইহি । হি.- আল হিজ্রী সাল। খৃ.- খৃষ্টাব্দ / খ্রীষ্টাব্দইং- ইসায়ী সাল / ইংরেজী সাল (তবে ইংরেজী সাল বলতে কোন সাল নেই)। ব.- বঙ্গাব্দ। খৃ.পূ.- খৃষ্ট পূর্ব । জ.- জন্ম । মৃ.- মৃত। ড.- ডক্টর। দ্র.- দ্রষ্টব্য। প্রা.- প্রাইভেট। লি.- লিমিটেড। মাও.মাওলানা।কোং- কোম্পানী। চৌ.- চৌধুরী। অনু.- অনুবাদ । অন:- অনুদিতদ । সং- সংস্করণ । খ.- খন্ড । পৃ.- পৃষ্ঠা। তা.বি.- তারিখ বিহীন ।এম.- মুহাম্মাদ । এ./আঃ- আব্দুল । পূর্বোক্ত- যা পূর্বে বলা হয়েছে। প্রাগুক্ত- যা পূর্বে বলা হয়েছে। তদেব- যা পূর্বে বলা হয়েছে। বুখারী- আবু আব্দিল্লাহ মুহাম্মাদ ইবনু ইসমাঈ আল-বুখারী মুসলিম- মুসলিম ইবনু হাজ্জাজ আল কুশাইরী । তিরমিযী- আবু ঈসা মুহাম্মাদ ইবনু ঈসা আত্-তিরমিযী আবু দাউদ- আবু দাউদ সুলাইমান ইবনু আশআস আস-সিজিস্তি । নাসায়ী- আবু আব্দির রহমান মুহাম্মাদ ইবনু শুয়াইব ইবনু মাজাহ- আবু আব্দিল্লাহ মুহাম্মাদ ইবনু ইয়াযিদ ইবনু মাজাহ আল কাযভী । ই.ফা.বা.- ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ । বা.এ.- বাংলা একাডেমী । ঢা.বি.- ঢাকা বিশ্ববিদ্যালয়। রাবি.রাজশাহী বিশ্ববিদ্যালয়। চবি. ইবি. ইত্যাদি। ই.ব্যা.- ইসলামী ব্যাংক বাংলাদেশ লি:।

التمرين : অনুশীলনী

◈ "আলকুরআনের আলোকে আধুনিক আরবী ভাষা শিক্ষা" কোর্সটির মাধ্যমে আলকুরআনের অর্থ ও আরবী ভাষা শিক্ষা কি সম্ভব? আরবী ভাষায় আপনার মতামত ব্যক্ত করুন।